

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬২.৯৯.০০১.১৭.৬

তারিখ: ২৪ আশ্বিন ১৪২৪

০৯ অক্টোবর ২০১৭

বিষয়: নগরীকে সুন্দর ও পরিচ্ছন্ন রাখার স্বার্থে ঢাকা দক্ষিণ কর্পোরেশন (ডিএসসিসি) এলাকায় ব্যানার, ফেস্টুন, পোস্টার, লিফলেট, কাট-আউট, দেয়াল লিখন ইত্যাদি প্রচারণামূলক উপকরণ না লাগানো প্রসঙ্গে।

সূত্র: মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-এর উপানুষ্ঠানিক পত্র নম্বর-
৪৬.২০৭.০০০.০৩.০৪.৭৭৪.২০১৭ তারিখ-০২.১০.২০১৭

উপর্যুক্ত বিষয়ে মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-এর ০২.১০.২০১৭ তারিখের
৪৬.২০৭.০০০.০৩.০৪.৭৭৪.২০১৭ সংখ্যক উপানুষ্ঠানিক পত্র এতৎসংক্ষেপে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-এর উপানুষ্ঠানিক পত্রের আলোকে উল্লিখিত বিষয়ে
প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৯-১০-২০১৭

মোঃ শামসুল আলম

সহকারী সচিব

ফোন: ৯৫৫৮৫৫১

ইমেইল: as.admin2@moedu.gov.bd

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) অতিরিক্ত সচিব, মাধ্যমিক-১ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অতিরিক্ত সচিব, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) অতিরিক্ত সচিব, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৮) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৯) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), নিউমার্কেট, ঢাকা।
- ১০) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট, ঢাকা।



মোহাম্মদ সাজিদ খোকন
মেয়র

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোন : +৮৮ ০২ ৯৫৬৩৫০৪-৬ (অফিস)

ফ্যাক্স : +৮৮ ০২ ৯৫৬৩২৬৬

তারিখ : ০২/১১/২০১৭.....

উপানুষ্ঠানিক পত্র নম্বর : ৪৬:২০৭:০০০:০৩:০৪:৭৭৪:২০১৭

বিষয় : নগরীকে সুন্দর ও পরিচ্ছন্ন রাখার স্বার্থে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি) এলাকায় ব্যানার, ফেস্টুন, পোস্টার, লিফলেট, কাট-আউট, দেয়াল লিখন ইত্যাদি প্রচারণামূলক উপকরণ না লাগানো প্রসঙ্গে।

সূত্র : ডিএসসিসি'র উপানুষ্ঠানিক পত্র নম্বর-৪৬:২০৭:০০০:০১:০০:২০১৬/১৮৬, তাং-২০/১/২০১৬ খ্রিঃ।

স্বাক্ষর-সচিব
মোহাম্মদ সাজিদ খোকন

রাজধানী নগরী ঢাকা আপনার আমার সকলের। তাই এ নগরীকে সুন্দর ও পরিচ্ছন্ন রাখা আমাদের সকলেরই দায়িত্ব বিশেষতঃ এ নগরীকে সুন্দর, পরিচ্ছন্ন ও বাসযোগ্য করে তোলা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের দায়িত্বসমূহের অন্যতম। তাছাড়া এ নগরীকে সার্বক্ষণিক সুন্দর ও পরিচ্ছন্ন রাখার বিষয়টি নিশ্চিত করার জন্য ডিএসসিসি'র প্রতি সরকারের সর্বোচ্চ পর্যায়ের নির্দেশনা রয়েছে। এ নির্দেশনা প্রতিপালনের স্বার্থে তাঁর মন্ত্রণালয় ও অধীনস্থ পরিদপ্তর/বিভাগ কর্তৃক আয়োজিত বিভিন্ন দিবস পালন/অনুষ্ঠানের প্রচারণা-ব্যানার, ফেস্টুন, পোস্টার, লিফলেট, কাট-আউট ইত্যাদির মাধ্যমে না করে ডিএসসিসি'র সাথে সমন্বয়পূর্বক প্রচার করার বিষয়ে সূত্রোক্ত পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়েছিল। এতদসঙ্গেও লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয় ও অধীনস্থ পরিদপ্তর/বিভাগ কর্তৃক আয়োজিত বিভিন্ন দিবস পালন/অনুষ্ঠানের প্রচারণার নিমিত্ত ব্যানার, ফেস্টুন, পোস্টার, লিফলেট, কাট-আউট ইত্যাদি লাগানোর বিষয়ে অনুমতি চেয়ে ডিএসসিসি-তে আবেদন করা হচ্ছে।

- ০২। ডিএসসিসি কর্তৃক এ ধরনের প্রচারণার জন্য ব্যানার, ফেস্টুন, পোস্টার, লিফলেট, কাট-আউট, দেয়াল লিখন ইত্যাদির অনুমতি না দেয়ার সিদ্ধান্ত থাকায় এ ধরনের অনুমতি চেয়ে আবেদন না করার বিষয়ে তাঁর মন্ত্রণালয় ও অধীনস্থ পরিদপ্তর/বিভাগের সংশ্লিষ্ট সকলকে পরামর্শদানের জন্য পুনরায় অনুরোধ করা হলো।
- ০৩। তাঁর মন্ত্রণালয় ও অধীনস্থ পরিদপ্তর/বিভাগ কর্তৃক আয়োজিত বিভিন্ন দিবস পালন/অনুষ্ঠানের প্রচারণার প্রয়োজন হলে প্রচারিতব্য বিষয়ের সফট কপি সহ প্রচারিতব্য সময়ের জন্য নির্ধারিত ফি পরিশোধ করে আবেদন করা হলে ডিএসসিসি কর্তৃক সার্ক ফোয়ারা হতে বাংলামটর, হোটেল রুপসী, বাংলা কাকরাইল, মৎস্য ভবন হয়ে সচিবালয় পর্যন্ত সড়কে এবং শাহবাগ এলাকায় বিদ্যমান এলইডি সাইনগুলোর মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা হবে।
- ০৪। এমতদেহায়, ডিএসসিসি'র উপর্যুক্ত সিদ্ধান্ত/কার্যক্রম সম্পর্কে তাঁর মন্ত্রণালয় ও অধীনস্থ পরিদপ্তর/বিভাগের সংশ্লিষ্ট সকলকে অবহিত করার বিষয়ে সার্বিক সহযোগিতা কামনা করছি।

স্বাক্ষর

(মোহাম্মদ সাজিদ খোকন)
মেয়র

সচিব

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।